# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

**ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

Tel : 9558109, 9565848
Web : www.krishibank.org.bd
E-mail: dgmfrmd@krishibank.org.bd
agmfrmd@krishibank.org.bd
agm1frmd@krishibank.org.bd


সূত্র ঃ এফআরএমডি/০১(০১)/২০১৮-২০১৯/৪৩৬ তারিখ ঃ ৩০.০৮.২০১৮ইং

ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
কেশবপুর শাখা, পটুয়াখালী।

বিষয় ঃ শাখায় আগত রেমিট্যান্স গ্রহীতাকে রেমিট্যান্স সেবা প্রদান না করার বিষয়ে ব্যাখ্যা তলব প্রসঙ্গে।

আপনাকে এই মর্মে কারন দর্শানোর নোটিশ প্রদান করা যাচ্ছে যে, কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করা হবে না, যেহেতু আপনি মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ঘোষিত রেমিট্যান্স সেবা মাস চলাকালীন সময়ে আপনার শাখায় Ria Money Transfer নামীয় ফরেন এক্সচেঞ্জ কোম্পানীর রেমিট্যান্স সেবা গ্রহনের জন্য আগত জনৈক শারমিন নাহার রিক্তা নামীয় বেনিফিশিয়ারীকে রেমিট্যান্স সেবা প্রদান না করে অন্যত্র চলে যাওয়ার পরামর্শ প্রদান করেন। পরবর্তীতে সংশ্লিষ্ট বেনিফিশিয়ারী বিষয়টি রেমিটারকে অবহিত করেন এবং রেমিটার সংশ্লিষ্ট কোম্পানীতে যোগাযোগ করলে উক্ত Ria Money Transfer কোম্পানীর Country Director কর্তৃক ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগকে বিষয়টি অভিযোগ আকারে অবহিত করা হয় যাতে ব্যাংকের ভাবমূর্তি চরমভাবে ক্ষুন্ন হয়েছে।

এমতাবস্থায়, উল্লেখিত অভিযোগের বিষয়ে আপনার বক্তব্য / জবাব অত্র পত্র প্রাপ্তির ০২ (দুই) টি কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা গেল। অন্যথায়, আপনার বিরুদ্ধে যথাযথ একতরফা প্রশাসনিক ব্যবস্থা গ্রহন করার জন্য কর্তৃপক্ষ বরাবর সুপারিশ করা হবে।

(মোঃ আবদুস সোবহান)
উপ-মহাব্যবস্থাপক

সদয় জ্ঞাতার্থে অনুলিপি (ই-মেইলে) প্রেরণ করা হলো ঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। উপ-মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে), ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন্স ডিপার্টমেন্ট, বিকেবি, প্রকা, ঢাকা। (সংশ্লিষ্ট ব্যাখ্যা তলব সংক্রান্ত পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে নোটিশ - সার্কুলার অংশে আপালাড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।)
০৮। অফিস নথি।

SHOW CAUSE